

সূত্র নং- এসইসি/মুখপাত্র/২০১১/৮২২

তারিখঃ ০৭/০৫/২০১৩ ইং


প্রেস বিজ্ঞপ্তি

৪৭৭ তম কমিশন সভা অদ্য ০৭/০৫/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. সভায় কমিশন, Midas Financing Limited এর জুন ৩০, ২০১২ সমাপ্ত অর্থ বছরের আর্থিক প্রতিবেদনে লোকসান (net loss) থাকার পরও রাইট ইস্যু সংক্রান্ত মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ করায় এবং কমিশনের নিকট রাইট শেয়ার ইস্যুর অনুমোদনের জন্য আবেদন করায় Securities and Exchange Commission (Right Issue) Rules, 2006 এর 3(h) ধারা লঙ্ঘন হওয়ার কারণে Midas Financing Limited -কে ২ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
২. LankaBangla Investment Limited (Issue Manager), Midas Financing Limited এর জুন ৩০, ২০১২ সমাপ্ত অর্থ বছরের আর্থিক প্রতিবেদনে লোকসান (net loss) থাকার পরও রাইট শেয়ার ইস্যুর জন্য due diligence প্রদান করায় Securities and Exchange Commission (Right Issue) Rules, 2006 এর 3(h) ধারা লঙ্ঘন হওয়ায় LankaBangla Investment Limited -কে ২ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৩. এছাড়াও কমিশন নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গ করার কারণে Phoenix Securities Limited -কে ২ লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে :

(ক) Margin Rules, 1999 এর Section 3 এবং Section 8(1)(ccc) ভঙ্গ করে যথাক্রমে margin agreement ব্যতিত কতিপয় গ্রাহকগণকে মার্জিন সুবিধা দিয়ে এবং Customer Account Information Form যথাক্রমে পূরণ না করে সিকিউরিটিজ আইন ভঙ্গ করায়;

(খ) কমিশনের Directive No. SEC/CMRRCD/2001-43/169 dated 01/10/2009 ভঙ্গ করে যথাক্রমে Z ক্যাটাগরির শেয়ারে এবং নতুন তালিকাভুক্ত সিকিউরিটিজে ১ থেকে ৩০ দিনের মধ্যে ঋণ প্রদান না করার শর্ত ভঙ্গ করে কতিপয় বিনিয়োগকারীগণকে ঋণ প্রদান করায়।


০৭/০৫/২০১৩
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র